জাতীয় বিশ্ববিদ্যালয়
বাংলাদেশ
পরীক্ষা নিয়ন্ত্রণ দপ্তর

স্মারক নং ০৫(৫৩৪) জাতীঃ বিঃ/পরীঃ/ডিগ্রী (পাস)/২০২২/৫৮৮৪ তারিখ: ২২/০৭/২০২৬

২০২৫ সালের ডিগ্রী (পাস) ও সার্টিফিকেট কোর্স ২য় বর্ষের ইনকোর্স পরীক্ষার বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ইনকোর্স পরীক্ষা গ্রহণ ও ক্লাসে উপস্থিতি মূল্যায়ন সংক্রান্ত নির্দেশিকার আলোকে নিম্নোক্ত নিয়মাবলী অনুসরণ করে ২০২৫ সালের ডিগ্রী (পাস) ও সার্টিফিকেট কোর্স ২য় বর্ষের ইনকোর্স পরীক্ষা গ্রহণ ও নম্বর অনলাইনে এন্ট্রি দিতে হবে। **শিক্ষার্থীদের ইনকোর্স নম্বর অনলাইনে এন্ট্রি ব্যতীত পরীক্ষার ফরমপূরণ করা যাবে না।**

১ম ইনকোর্স পরীক্ষা গ্রহণ	২৬/০৭/২০২৬ থেকে ১৩/০৮/২০২৬ তারিখ পর্যন্ত
২য় ইনকোর্স পরীক্ষা গ্রহণ	০১/০৯/২০২৬ থেকে ১০/০৯/২০২৬ তারিখ পর্যন্ত
অনলাইনে ইনকোর্স পরীক্ষার নম্বর এন্ট্রির সময়	১৬/০৯/২০২৬ থেকে ২৩/০৯/২০২৬ তারিখ পর্যন্ত

বিঃদ্রঃ ইনকোর্স পরীক্ষার মূল্যায়িত উত্তরপত্র, হাজিরাপত্র ও ইনকোর্স নম্বরপত্রের (ম্যানুয়াল) কপি (গালাসীল করে) আগামী ২৭/০৯/২০২৬ তারিখের মধ্যে পরিচালক (সংশ্লিষ্ট) আঞ্চলিক কেন্দ্র/গাজীপুর ক্যাম্পাসে সংশ্লিষ্ট শাখায় হাতে হাতে জমা দিতে হবে।

ইনকোর্স পরীক্ষা গ্রহণের নিয়মাবলী ঃ

১. ইনকোর্স পরীক্ষা গ্রহণ ও ক্লাসে উপস্থিতি মূল্যায়ন সংক্রান্ত নির্দেশিকার ভিত্তিতে নম্বর বন্টন করতে হবে।
২. নিয়মিত শিক্ষার্থীদের ইনকোর্স পরীক্ষা নম্বর ১৫% ও ক্লাসে উপস্থিতির জন্য ৫% এর মধ্যে মূল্যায়ন করতে হবে।
৩. প্রাইভেট পরীক্ষার্থীদের ইনকোর্স পরীক্ষা নম্বর ২০% এর মধ্যে মূল্যায়ন করতে হবে।
৪. সংশ্লিষ্ট কলেজ নিজ দায়িত্বে পরীক্ষা গ্রহণ করবে।
৫. সংশ্লিষ্ট শিক্ষকগণ উত্তরপত্র মূল্যায়ন করবে।
৬. বিশ্ববিদ্যালয় কর্তৃক ঘোষিত সময়ে ইনকোর্স নম্বর অনলাইনে এন্ট্রি দিতে হবে।
৭. শিক্ষার্থীদের ইনকোর্স নম্বর ও ক্লাসে উপস্থিতির নম্বর ব্যতীত পরীক্ষার ফরমপূরণ করা যাবে না।
৮. ইনকোর্স পরীক্ষা শেষে নম্বর অনলাইনে এন্ট্রি দেয়ার জন্য ইনকোর্স পরীক্ষার নম্বরপত্রের এক কপি কলেজে সংরক্ষণ করতে হবে।

চলমান পাতা-২

Alim_T.O

অনলাইনে ইনকোর্স নম্বর এন্ট্রি দেয়ার নিয়মাবলী ঃ

১. এ পদ্ধতিতে ইনকোর্স পরীক্ষার নম্বর নিজ নিজ কলেজের ডিপার্টমেন্ট থেকে এন্ট্রি করতে হবে। ইনকোর্স নম্বর এন্ট্রি দেয়ার ক্ষেত্রে সংশ্লিষ্ট সকলকে সতর্ক থাকতে হবে। একবার ইনকোর্স নম্বর এন্ট্রি দেয়ার পর তা আর পরিবর্তন করা যাবে না।

২. **ems.nu.ac.bd লিংকে প্রবেশ করে** College login (Admin) এ লগইন করে মেনুবার থেকে অপশনে ক্লিক করুন।

৩. ADD USER-এ ক্লিক করে নির্দিষ্ট ডিপার্টমেন্টের জন্য USER তৈরি করতে হবে। পূর্বে USER তৈরি করা থাকলে নতুন করে তৈরির প্রয়োজন নেই।

৪. USER লিস্টের Action কলাম থেকে Assign Privilege বাটনে ক্লিক করে Exam, Degree Group এবং Subject সিলেক্ট করে অ্যাসাইন করুন।

৫. তৈরিকৃত Username এবং Password দিয়ে College User login (Department) এ লগইন করুন।

৬. College User login (Department) এ লগইন করে Action কলাম থেকে সঠিক পরীক্ষা/সাবজেক্ট সিলেক্ট করতে হবে।

৭. সম্ভাব্য ইনকোর্স পরীক্ষার্থীর তালিকা দেখতে Incourse Candidate List অপশনে ক্লিক করুন।

৮. মেনুবার থেকে Incourse Marks Entry অপশনে ক্লিক করতে হবে।

৯. সঠিক রেজিস্ট্রেশন নম্বর এন্ট্রি দিয়ে Search বাটনে ক্লিক করুন।

১০. সঠিক বিষয় কোড ও ইনকোর্স নম্বর এন্ট্রি দিয়ে Submit বাটনে ক্লিক করুন।

১১. প্রেরিত ইনকোর্স নম্বরের তালিকা দেখতে Incourse Marks List অপশনে ক্লিক করুন।

অনলাইনে নম্বর এন্ট্রির ভিত্তিতে ফরম পূরণের Probable লিস্ট প্রস্তুত করা হবে। এ বিষয়ে সংশ্লিষ্ট সকলকে উল্লেখিত সময়ে অনলাইনে ইনকোর্স পরীক্ষার নম্বর সঠিকভাবে এন্ট্রি সম্পন্ন করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো। উল্লেখ্য, নির্ধারিত সময়ের পরে নম্বর এন্ট্রির সফ্টওয়ার স্বয়ংক্রিভাবে বন্ধ হয়ে যাবে।

২২/৭/২৬

মোঃ এনামুল করিম
পরীক্ষা নিয়ন্ত্রক
জাতীয় বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ।
ফোন : ০২-৯৯৬৬৯১৫১৭

স্মারক নং ০৫(৫০৪) জাতীঃ বিঃ/পরীঃ/ডিগ্রী (পাস)/২০২২/৫৮৮৪ তারিখ: ২২/০৭/২০২৬

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি দেয়া হলো ঃ

১। পরিচালক, তথ্য প্রযুক্তি (আইসিটি) দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়।
২। পরিচালক, আঞ্চলিক সমন্বয় কেন্দ্র, জাতীয় বিশ্ববিদ্যালয়।
৩। পরিচালক, আঞ্চলিক কেন্দ্র (সকল), জাতীয় বিশ্ববিদ্যালয়।
৪। অধ্যক্ষ, ডিগ্রী (পাস) ও সার্টিফিকেট কোর্স পাঠদানকারী সংশ্লিষ্ট কলেজসমূহ।
৫। অফিস কপি।

মোঃ আশরাফ আলী
অতিরিক্ত পরীক্ষা নিয়ন্ত্রক
ডিগ্রী পাস (সার্বিক দায়িত্ব)
জাতীয় বিশ্ববিদ্যালয়।

Alim_T.O